


পুণ্যভূমি পানিহাটি দর্শন বইটি সম্পর্কে আলোচনা

নিজস্ব প্রতিনিধি : গত ১৫ জুন ঐতিহ্যমণ্ডিত দশমহোৎসবের ৫০৩তম বর্ষে “ঐতিহ্যময় পুণ্যভূমি পানিহাটি দর্শন” বইটি প্রথম প্রকাশিত হয়। এই বইটিতে উঃ ২৪ পরগনার পানিহাটি অঞ্চলের কিছু ঐতিহ্যপূর্ণ স্থানের বিবরণ ও তাদের মাহাত্ম্য তুলে ধরার চেষ্টা করেছেন লেখক ডঃ শেখর কুমার শেঠ।

তিনি বেশ কিছুদিন ধরে এই স্থানগুলির ঐতিহ্যের ইতিহাস সম্বন্ধে তথ্য সংগ্রহ করেছেন, সেইগুলি বইয়ের আকারে লিপিবদ্ধ করেছেন। বহু মহাপুরুষের পাদস্পর্শে ধন্য এই পুণ্যভূমি সম্বন্ধে যদি এখনই বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরা না হয় তাহলে অদূর ভবিষ্যতে এই স্থানগুলি বিস্মৃতির আড়ালে চলে যাবে। তাই জনসমক্ষে এই বিষয়টি তুলে ধরাই ছিল লেখকের একমাত্র উদ্দেশ্যে। এইজন্য



লেখকের ধন্যবাদ অবশ্যই প্রাপ্য। আনন্দের বিষয়, এই বইটি প্রকাশের পর অনেকেই স্বাগত জানিয়েছেন ও এই অঞ্চল সম্বন্ধে বিশেষ আগ্রহ প্রকাশও করেছেন।

এই বইটিতে প্রকাশিত এই অঞ্চলের দর্শনীয় স্থান ও ঘাটগুলির একটি মানচিত্র পাঠক-পাঠিকাদের বিশেষ সাহায্যে আসবে।

যাঁরা ঐতিহ্যপূর্ণ স্থান, ঐতিহাসিক ঘটনা ইত্যাদি নিয়ে গবেষণা করেন, তথ্য সমৃদ্ধ এই বইটি তাঁদের খুব উপকারে আসবে। এছাড়াও যাঁরা অধ্যাত্ম পিপাসু মানুষ তাঁরাও এই বইটি পেয়ে উপকৃত হবেন এবং এই অঞ্চল পরিদর্শনে উদ্বুদ্ধ হবেন। বইটির শেষ পাতায় আশ্রম এবং মন্দির গুলির ফোন নম্বরও দেওয়া হয়েছে। এতে ইচ্ছুক ভক্তদের খুবই সহায়ক হবে বলে আশা করা যায়।

যে উদ্দেশ্য নিয়ে বইটি প্রকাশিত হয়েছে তা সাফল্য লাভ করলে তবেই লেখকের এই শ্রম সার্থক হবে বলে আমাদের বিশ্বাস।